# 2023

## BENGALI

Paper : BEN-HG/RC-2016

( লোকসাহিত্য পাঠ )

( Honours Generic / Regular Course )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর দাও : ১×১০=১০

(ক) রবীন্দ্রনাথের মতে কোন্ গুণে ছড়া আজ রচিত হলেও পুরোনো ও সহস্র বৎসর পূর্বে রচিত হলেও নতুন?

(খ) 'খোকা যাবে মাছ ধরতে ক্ষীরনদীর কূলে' ছড়ায় খোকার ছিপ কে নিয়ে গিয়েছিল?

(গ) মেয়েকে শ্বশুরবাড়ি পাঠানো নিয়ে রবীন্দ্রনাথের 'ছেলেভুলানো ছড়া : ১' থেকে একটি ছড়ার প্রথম পংক্তি উল্লেখ করো।

(ঘ) 'সাত ভাই চম্পা' কাহিনিতে রাজার কতজন রাণী ছিলেন?

(ঙ) 'কিরণমালা' কাহিনিতে তিন বোনের বড় বোনের কার সঙ্গে বিয়ে হয়েছিল?

(চ) 'কিরণমালা' কাহিনিতে ছোটরাণী ক'টি সন্তানের জন্ম দিয়েছিলেন?

(ছ) "অরুণ, বরুণ, কিরণমালা তিন ভাই-বোন দেখে,—কি!—এক যে মানুষ," 'কিরণমালা' কাহিনিতে এই মানুষটি কে?

(জ) 'আমি যে গহীন গাঙের নাইয়া' ভাটিয়ালি গানটিতে কবি কার জন্যে দূর দেশে পাড়ি দিচ্ছেন?

(ঝ) 'খাঁচার ভিতর অচিন পাখী' বাউল গানটিতে খাঁচার মধ্যে ক'টি কুঠুরি রয়েছে বলে কবি উল্লেখ করেছেন?

(ঞ) "চরণ ছেড়ে দেবো না, না না না..."—'হৃদ মাঝারে' গানটিতে এই উক্তি কে করেছেন, তাঁর নাম লেখো।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও : ২×৫=১০

(ক) রবীন্দ্রনাথের মতে অধিকাংশ সাহিত্যই কীসের সমালোচনা?

(খ) "তবে সেই ফুল আন পূজা করিব।" 'সাত ভাই চম্পা' কাহিনির এই উদ্ধৃতাংশের বক্তা কে? তিনি 'সেই ফুল' বলতে কোন্ ফুলকে বোঝাতে চেয়েছেন?

(গ) "রাজা মৃগয়া করিতে যাইবেন, রাজ্যে হুলস্থূল পড়িল।" কীভাবে রাজ্যে হুলস্থূল পড়েছিল, লেখো।

(ঘ) কবি সোনার গৌরকে কোন্ দুটি জায়গায় রাখার সংকল্প করেছিলেন?

(ঙ) 'আমি যে গহীন গাঙের নাইয়া' ভাটিয়ালি গানটিতে নদীর জলের যে অতি সংক্ষিপ্ত বর্ণনা আছে তা লেখো।





৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) "সুতীক্ষ্ণবুদ্ধি পণ্ডিতেরও সাধ্য নাই স্বপ্নাবস্থায় স্বপ্নকে অবিশ্বাস করেন।" 'ছেলেভুলানো ছড়া : ১' থেকে উদ্ধৃত এই উক্তিটির ব্যাখ্যা করো।

(খ) 'ছেলেভুলানো ছড়া : ১' প্রবন্ধের অন্তর্ভুক্ত 'আজ দুর্গার অধিবাস, কাল দুর্গার বিয়ে' ছড়ায় বর্ণিত দুর্গার শ্বশুরবাড়ি যাত্রাকালের করুণ দৃশ্যের বর্ণনা দাও।

(গ) 'সাত ভাই চম্পা' কাহিনিতে ছোটরাণী ফুল তুলতে গেলে ফুলদের কী প্রতিক্রিয়া হয়েছিল, লেখো।

(ঘ) 'কিরণমালা' কাহিনিতে বর্ণিত অরুণ-বরুণ-কিরণমালার তৈরি অট্টালিকার বর্ণনা দাও।

(ঙ) "ওরে ছেড়ে দিলে সোনার গৌর আর পাবো না<br>ক্ষ্যাপা ছেড়ে দিলে সোনার গৌর<br>আর পাবো না না না, আর পাবো না।"<br>উদ্ধৃতাংশের অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো।

(চ) 'মনমাঝি তোর বৈঠা নে রে' লোকগানটির মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ১০×৪=৪০

(ক) "ওপারে জন্তি গাছটি, জন্তি বড়ো ফলে।" রবীন্দ্রনাথের 'ছেলেভুলানো ছড়া : ১' প্রবন্ধে উল্লিখিত এই ছড়াটির বিষয়বস্তু লেখো।

(খ) "বালকেরা ছবিও অতিশয় সহজে স্বল্পায়োজনে দেখিতে পায়।" রবীন্দ্রনাথ তাঁর 'ছেলেভুলানো ছড়া : ১' প্রবন্ধে এই মন্তব্যটির সপক্ষে যে যুক্তি প্রদর্শন করেছেন তা যথাযথভাবে লেখো।

(গ) ছড়ার মধ্যে শিশুভাবনা কীভাবে মিশে আছে, রবীন্দ্রনাথের 'ছেলেভুলানো ছড়া : ১' প্রবন্ধ অনুসরণে বিষয়টি বুঝিয়ে লেখো।

(ঘ) 'কিরণমালা' কাহিনিতে অরুণ-বরুণ-কিরণমালার যে পারস্পরিক সম্পর্ক দেখানো হয়েছে তা স্পষ্ট করো।

(ঙ) 'সাত ভাই চম্পা' কাহিনি অবলম্বনে ছোটরাণীর জীবনবৃত্তান্ত অঙ্কন করো।

(চ) 'কিরণমালা' কাহিনিটির নামকরণের সার্থকতা বিচার করো।

(ছ) ভাটিয়ালি গানের বিশেষত্ব তোমার পঠিত 'আমি যে গহীন গাঙের নাইয়া' গানটি অবলম্বনে বুঝিয়ে লেখো।

(জ) 'খাঁচার ভিতর অচিন পাখী' গানটির মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।

★ ★ ★